

নম্বর 202.25

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন**

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

উপরন্তু এখনই, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গভর্নর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনূচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 29 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্বগিত করছি:

- NYCRR এর টাইটেল 10 এর সেকশন 401.3 এর সাবশিভিশন (a) এবং (e) এবং সেকশন 710.1 এবং NYCRR এর টাইটেলের পার্ট 709 এবং 710, এবং অন্য যে কোন প্রযোজ্য বিধি সেই পরিসর অবধি পরিবর্তন অথবা সংশোধন করা যাতে বর্তমানে লাইসেন্সকৃত জন্মের হাসপাতাল এবং লাইসেন্সকৃত জন্মের কেন্দ্রগুলির দ্বারা পরিচালিত নিবেদিত সাময়িক জন্মের সাইটসমূহের অনুমোদন এবং প্রত্যয়ন করার অনুমতি প্রদান করা হয় স্বাস্থ্য কমিশনারকে;

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনূচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 29 মে 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- নির্বাহী আদেশে 202.13 এবং 202.12-এ উল্লিখিত জন্মদানকারী রোগীদের জন্য সহায়ক ব্যক্তি সংক্রান্ত নির্দেশ এতোদ্বারা সংশোধন করা হচ্ছে এই মর্মে যেখানে যে কোন আরটিকেল আর্ঠাশের ফেলিসিটি, লাইসেন্সের শর্ত হিসেবে, যে কোন জন্মদানকারী রোগীকে প্রসববেদনার সময়, জন্মদানের সময় এবং রোগীর থাকার অবশিষ্ট সময়ে, একজন সহায়ক ব্যক্তির উপস্থিতিতে অনুমোদন করবে, যার কোন COVID-19 এর উপসর্গ নেই; এবং/অথবা একজন ডোলা, যার COVID-19 এর কোন উপসর্গ নেই, তাকে প্রসববেদনার সময়, জন্মদানের সময় এবং রোগীর থাকার অবশিষ্ট সময়ে উপস্থিত থাকতে দেবে।

একজন সহায়ক ব্যক্তির এবং/অথবা একজন ডৌলার উপস্থিতি কমিশনারের দ্বারা নির্ধারিত ব্যতিক্রমের অধীন হবে চিকিৎসাগত প্রয়োজনের জন্য।

- নির্বাহী আদেশ 202.10 -তে থাকা নির্দেশনাটি যা স্বাস্থ্য কমিশনারকে সকল সাধারণ হাসপাতালে, অস্থলটির সার্জারি সেন্টারে, অফিস-ভিত্তিক সার্জারির অনুশীলন এবং ডায়াগনস্টিক এবং চিকিৎসা কেন্দ্রগুলিকে, রোগীদের বেডের সংখ্যা বৃদ্ধি করে, সব ঐচ্ছিক সার্জারি এবং প্রক্রিয়া বাতিল করা সহ, তা এতদ্বারা সংশোধন করা হচ্ছে সাধারণ হাসপাতালগুলিকে ঐচ্ছিক সার্জারি এবং পদ্ধতি প্রক্রিয়া সম্পাদন করার অনুমোদন দেওয়ার জন্য যতক্ষণ তারা নিম্নলিখিত মানদণ্ড পূরণ করছেন: একটি কাউন্টির মধ্যে, মোট উপলব্ধ হাসপাতাল ইনপেশেন্ট ক্যাপাসিটি ত্রিশ শতাংশের উপর এবং মোট উপলব্ধ হাসপাতালের ICU ক্ষমতা ত্রিশ শতাংশের উপর এবং মোট পরিবর্তন, এপ্রিল 17 2020 থেকে এপ্রিল 27 2020 পর্যন্ত হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা যারা COVID-19 এর জন্য ইতিবাচক, দশের চেয়ে কম হয়; কাউন্টি মধ্যে প্রতিটি হাসপাতাল যা যোগ্যতার মানদণ্ড পূরণ করেছে, তাদের জন্য, উপলব্ধ হাসপাতাল ইনপেশেন্ট ক্যাপাসিটি ত্রিশ শতাংশের বেশি এবং উপলব্ধ হাসপাতালের ICU ক্যাপাসিটি ত্রিশ শতাংশ এবং মোট পরিবর্তন, এপ্রিল 17 2020 থেকে এপ্রিল 27 2020 পর্যন্ত হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা যারা COVID-19 এর জন্য ইতিবাচক, দশের চেয়ে কম হয় স্বাস্থ্য কমিশনার এই মানদণ্ড বাস্তবায়নের ক্ষেত্রে নির্দেশনা জারি করার জন্য অনুমোদিত। ঐচ্ছিক সার্জারি ও প্রক্রিয়াকরণ সম্পাদনের জন্য অনুমোদিত সাধারণ হাসপাতালগুলোকে অবশ্যই ন্যূনতমভাবে, কমিশনার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে স্বাস্থ্য দপ্তরকে সার্জারির সংখ্যা এবং ধরণ রিপোর্ট করতে হবে। যে সব সাধারণ হাসপাতাল যারা এই নির্দেশে উল্লিখিত ঐচ্ছিক সার্জারি এবং প্রক্রিয়া সম্পাদন করার মানদণ্ড পূরণ করেন না তারা এই নিষিদ্ধকরণ থেকে ছাড় চাইতে পারেন এমন একটি পরিকল্পনা জমা দিয়ে স্বাস্থ্য দপ্তরের কাছে, কমিশনারের সুপারিশকৃত পদ্ধতিতে, যার অন্তর্ভুক্ত, ন্যূনতমভাবে, তাদের ফেসিলিটির ধারণ ক্ষমতা, শারীরিক কনফিগারেশন, সংক্রামক ব্যাধির প্রোটোকল এবং কর্মী মোতায়েন করার ক্ষমতা, কোন প্রযোজ্য কর্মসংস্থানের কষ্টের তথ্য যা কর্মীবলের কোন হ্রাস অন্তর্ভুক্ত করে, ফার্লো সহ, যা ঘটেছে সেই ফেসিলিটির ঐচ্ছিক সার্জারি বা প্রক্রিয়া সম্পাদনের অক্ষমতার কারণে অথবা কর্মীবলে হ্রাস করার কারণে, যা অবিলম্বে হতে পারে সেই ফেসিলিটির ঐচ্ছিক সার্জারি অথবা প্রক্রিয়া সম্পাদনের অক্ষমতার ফলে। সাধারণ হাসপাতালগুলো রোগীদের জন্য কোনো ঐচ্ছিক সার্জারি বা প্রক্রিয়া সম্পাদন করবে না, যতক্ষণ পর্যন্ত না প্রতিটি রোগী একটি অনুমোদিত ডায়াগনস্টিক পরীক্ষার মাধ্যমে COVID-19 এর নেগিটিভ ফল লাভ করেছে, এবং হাসপাতাল ও রোগী কমিশনারের দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রাক-অপ্রোপোচার এবং প্রাক-প্রক্রিয়াকরণ নির্দেশিকা মেনে চলেছে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

এপ্রিল মাসের উনত্রিশতম দিনে এটি

প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব